দর্শনায় নারী শিশু নির্যাতন ও ৩ বছরের সাজাপ্রাপ্তসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে নারী শিশু ও সাজাপ্রাপ্ত আসামীসহ ৪ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আসামীরা হলো দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাহাতাব মন্ডলের ছেলে দীর্ঘ ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী শম্ভু মিয়া (৩২) দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের মোস্তফা মস্তানের ছেলে নারী ও শিশু নির্যাতন মামলার নিয়মিত আসামী শামীম হোসেন (২৪) একই গ্রামের ইউনুস কাজীর ছেলে, রাসেল ওরফে রাশেদ আলী ও মসলেম মন্ডলের ছেলে জাহিদ হোসেনকে(৩৮) তাদের নিজ নিজ বাড়ী থেকে গ্রেফতার করে।

জানাযায়, আজ মঙ্গলবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে,বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন এলাকায় অভিযান চালায়। এ সময় দর্শনা থানার পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে রাঙ্গিয়ারপোতা গ্রামের দীর্ঘ ৩ বছরের পলাতক আসামী শম্ভু মিয়াকে গ্রেফতার করে। পরে দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের নারী ও শিশু নির্যাতনের ফৌজদারি মামলার ৩ আসামীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ৪ জনকে আজ দর্শনা থানা পুলিশ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

দর্শনায় ওয়ার্ড আওয়ামীলীগ নেতা নফর দেশীয় অস্ত্রসহ গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনার ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জয়নাল

আবেদিন নফরকে দেশীয় অস্ত্রসহ গ্রেপ্তার করেছে সেনাবাহিনী। এসময় তার স্বীকারোক্তিতে তার বাড়ি থেকে দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়।

আজ মঙ্গলবার (১৯ নভেম্বর) দুপুরে তাকে সেনাবাহিনী দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করেছে।

গ্রেপ্তারকৃত জয়নাল আবেদিন নফর ওরফে হাতকাটা নফর দর্শনার পৌর এলাকার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং দর্শনা পৌরসভার সাবেক প্যানেল মেয়র। তার বিরুদ্ধে একাধিক হত্যা ও স্বর্ণ চোরাচালানসহ ১০টি মামলা রয়েছে।

চুয়াডাঙ্গা সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গতকাল সোমবার (১৮ নভেম্বর) দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা শহরের কোর্টমোড় এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। পরে তার স্বীকারোক্তিতে ওই দিন রাতে নফরের বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানে তার বাড়ি থেকে ২টি রামদা, একটি চাইনিজ কুড়াল, একটি ছুড়ি ও ৬টি চাপাতি উদ্ধার করা হয়। পরে আজ মঙ্গলবার তাকে দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের ক্যাপ্টেন জাহাঙ্গীর জানান, নফরের বিরুদ্ধে স্বর্ণ, মাদক চোরাকারবারী, অবৈধ অস্ত্র, হত্যা, অগ্নিসংযোগসহ বিভিন্ন থানায় মোট ১০টি মামলা রয়েছে। তিনি এলাকায় শীর্ষ সন্ত্রাসী ও মাদক কারবারি হিসেবে পরিচিত।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানায় নফরকে দেশীয় অস্ত্রসহ সেনাবাহিনী সোপর্দ করেছে। আজ বিকাল সাড়ে ৫টার দিকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করা হয়েছে।

মৌসুমের শুরুতেই শীতে জবুথবু চুয়াডাঙ্গা, তাপমাত্রা ১৪.২

ডিগ্রি

চলতি বছরে মৌসুমের শুরুতেই শীতে জবুথবু চুয়াডাঙ্গা। গত কয়েকদিন ধরে বিকেল থেকেই তাপমাত্রা কমার সাথে বাড়ছে শীতের তীব্রতা।

আজ সোমবার চুয়াডাঙ্গার তাপমাত্রার পারদ নেমে এসেছে ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াসে। এ সময় বাতাসের আদ্রতা ছিল ৯২ শতাংশ। সকাল ৯টায় এ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে।

চুয়াডাঙ্গার আবহাওয়া অফিস সূত্রে জানা যায়, আজ সোমবার (১৮ নভেম্বর) সকাল ৯টায় চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এ সময় বাতাসের আদ্রতা ছিল ৯২ শতাংশ। যা চলতি মৌসুমে জেলায় সর্বনিম্ন তাপমাত্রা।

দামুড়হুদার রিকশাচালক খোকন মিয়া বলেন এখনই হাত-পা মনে হচ্ছে বরফ হয়ে আসছে। সন্ধার পর শীত বাড়ে। আর কয়েকদিন পর রিকশা চালানো কষ্টকর হয়ে যাবে।

চুয়াডাঙ্গার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রকিবুল হাসান এ তথ্য নিশ্চিত করে বলেন, গত ১৫ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা জেলায় তাপমাত্রা কমতে শুরু করেছে। আজ এ জেলায় সকাল ৯টায় তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪.২ ডিগ্রি সেলসিয়াস। এ সময় বাতাসের আদ্রতা ছিল ৯২ শতাংশ। তিনি আরও জানান, গরমের মধ্যে হটাৎ করে তাপমাত্রা কমে যাওয়ায় শীত বেশী অনুভূত হচ্ছে।

দামুড়হুদায় ৮০ লিটার চোলাই মদসহ মাদক কারবারি আটক

দামুড়হুদায় ডিবি পুলিশ অভিযান চালিয়ে ৮০ লিটার চোলাই মদসহ আশরাফুল ইসলাম (৪০) নামের একজন মাদক কারবারিকে আটক করেছে।

আজ সোমবার সকাল ৬ টার দিকে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটকৃত

আশরাফুল ইসলাম উপজেলার দর্শনা থানার পরানপুর গ্রামের স্কুল পাড়ার মৃত আলী কদরের ছেলে। আজ সোমবার দুপুর ২টায় এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন জেলা গোয়েন্দা পুলিশ।

ডিবি পুলিশ সূত্রে জানাযায়, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার সকাল ৬টায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মশিয়ার রহমানের তত্বাবধানে এস আই মুহিদ হাসান সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান পরিচালিত করেন। এ সময় আলোচিত মাদক ব্যবসায়ী আশরাফুল ইসলাম কে লোকনাথপুরের শাকিলের বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ৮০ লিটার চোলাই মদসহ আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির বলেন, ডিবি পুলিশের অভিযানে মাদকসহ আশরাফুল ইসলাম নামের একজনকে আটক করা হয়েছে। দামুড়হুদা থানায় আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে।

জীবননগরে সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত

জীবননগরে সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর বাসস্ট্যান্ডের মুক্ত মঞ্চে সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সভায় লিখিত বক্তব্য মোঃহিজবুল্লাহ বলেন, ইকতা এবং আমার রাজনৈতিক সহযোদ্ধা, শাকিল, মুঞ্জিল, জাহিদ ও সজলের বিরুদ্ধে আজ বুধবার দৈনিক মাথাভাঙায় আমাদের বিরুদ্ধে চাঁদাবাজি ও মাস্তানি বিষয়ে একটি সংবাদ প্রকাশিত হয় যা আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

প্রকাশিত সংবাদে উল্লেখিত ঘটনার বিষয়ে আমরা বলতে চাই গত ১১-১১-২০২৪ রোজ সোমবার রাত ১০টার দিকে জীবননগর পৌর শহরের হাসপাতাল পাড়ার মোশারফ হোসেনের ছেলে লেলিনের কাছে পাওনা টাকা চাওয়াকে

কেন্দ্র করে সে আমাদের উপর ক্ষিপ্ত হয় এবং মার মুখে আচরণ করে। পরবর্তীতে সেখানে জীবননগর পৌর শহরের চার নম্বর ওয়ার্ডের পুটু হোসেনের ছেলে বিদ্যুৎ চলে আসে এবং পুনরায় আমাদের ওপর মার মুখি আচরণ করে। পরবর্তীতে আমরা সেখান থেকে চলে আসি এছাড়াও প্রকাশিত সংবাদে সম্রাট অটোর সামনে টাকা ছিনতাই এবং ভ্যান থেকে যাত্রীদের কাছ থেকে টাকা কেড়ে নেয়ার বিষয়টি সম্পূর্ণ মিথ্যা এবং বানোয়াট। এছাড়াও প্রকাশিত সংবাদে আমার রাজনৈতিক সহযোগিতা মুঞ্জিলের বিরুদ্ধে আনতো জেলা ঢাকাত দলের সদস্য হিসেবে আখ্যা দেওয়া হয় সেই সাথে মাগুরায় সে অস্ত্রসহ ধরা পড়েছে এমন বিষয় উল্লেখ করা হয় যা সত্যিকার অর্থে কাল্পনিক ঘটনা। মঙঞ্জিলের বিরুদ্ধে সারা বাংলাদেশে কোন ডাকাতি বা অস্ত্রের সাথে সম্পর্কিত এরূপ কোন মামলা নাই। প্রকাশিত সংবাদ যেটি হয়েছে সেটি সম্পূর্ণ মিথ্যা বানোয়াট এবং ভিত্তিহীন।

বিশেষ করে জীবননগর উপজেলা বিএনপি’র সুনাম ক্ষুন্ন সহ জাতীয়তাবাদী বিএনপি’র সুনাম নষ্ট করার জন্য কিছু ব্যাক্তি এখনও কাজ চালিয়ে যাচ্ছে। যা আমাদের জন্য অত্যন্ত লজ্জাকর এবং হতাশাজনক।

চুয়াডাঙ্গা জেলার সম্মানিত আহবায়ক ও চুয়াডাঙ্গা ২ আসনের জাতীয়তাবাদী বিএনপি’র কান্ডারী মাহমুদ হাসান খান বাবুর নির্দেশে আমরা জীবননগর উপজেলায় বিএনপিকে সুসংঘটিত সহ দিনরাত নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। কিন্তু আমাদের এই সুনামকে নষ্ট করার জন্য একদল কুচক্রী মহল সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য দিয়ে সংবাদ প্রকাশ করছে। আমরা তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এ সময় উপস্থিত ছিলেন, মোঃ ইকতা, হিজবুল্লাহ, শাকিল, মুঞ্জিল প্রমুখ।

দর্শনা থানা পুলিশের অভিযানে আওয়ামীলীগের ২কর্মী আটক

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ২জন আওয়ামীলীগের কর্মীকে আটক করেছে।

জানাযায়, আজ বুধবার রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ

তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় তিতুদহ ইউনিয়নের ছোট শলুয়া গ্রামে।

এ সময় দর্শনা থানার পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ বিশেষ অভিযান চালিয়ে ছোট শলুয়া গ্রামের মোহাম্মদ আলীর ছেলে আব্দুর রাহিম (৩৫) ও কুড়ালগাছি ইউনিয়নের সদাবরী গ্রামের আব্দুল বারেক মন্ডলের ছেলে ফরহাদ হোসেনকে (২৫) তার নিজ নিজ বাড়ি থেকে আটক করে।

আজ তাদেরকে রাজনৈতিক মামলায় চুয়াডাঙ্গা কোট হাজতে সোপর্দ করেছে।

আলমডাঙ্গায় যুবকের পুড়ে যাওয়া মরদেহ উদ্ধার, দুই যুবক আটক

আলমডাঙ্গায় আগুনে পোড়া সবুজ নামের এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ বুধবার সকালে উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর এলাকার গজারিয়া মাঠের একটি মেহগনি বাগান থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

খবর পেয়ে চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল আনিসুজ্জামান লালন ও থানাপুলিশের পরিদর্শক (ওসি) মাসুদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন।

হত্যাকান্ডে জড়িত সন্দেহে দুই যুবককে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ।

নিহত সবুজ (২২) উপজেলার ডাউকি ইউনিয়নের বাদেমাজু গ্রামের গরু ব্যবসায়ী ও আওয়ামীলীগ নেতা জয়নাল আলীর ছেলে।

আটকৃত দুই যুবক পৌর এলাকার বন্ডবিল গ্রামের জিহাদ (২৫) ও বাদেমাজু গ্রামের সৈকত (২৭)। তারা দুজনেই নিহতের সাথে পুরাতন মোটরসাইকেল কেনাবেচা করতো।

পুলিশ ও স্থানীয়রা জানান, আজ বুধবার সকালে কৃষকেরা ধান ক্ষেতে

কাজ করতে যায়। এসময় বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামের গজারিয়া মাঠের মেহগনি বাগানে আগুনের পোড়া একটি ডিসকভারি মোটরসাইকেল ও তাঁর নিচে এক যুবকের পোড়া মরদেহ দেখতে পায়। সে সময় তারা চিৎকার করলে পথচারীরা ছুটে এসে ও আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দেন। তার পরে পুলিশ এসে মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।’

নিহতের বন্ধু মশিউর বলেন, গতকাল মঙ্গলবার বিকেলে সে বাড়ি থেকে বের হয়। সন্ধ্যায় মুঠোফোনে কথা হলে সে মোটরসাইকেল বিক্রি করছে জানিয়ে ফোন কেটে দেয়। আবার রাত ৯ টায় সবুজের মুঠোফোনে যোগাযোগ করার চেষ্টা করলে ফোনটি বন্ধ পায়। রাতেই সবুজ বাড়িতে না ফিরলে তার চাচা খুঁজতে আমার বাড়িতে আসে। আজ সকালে ঘুম থেকে উঠে জানতে পারি সবুজের পোড়া দেহের খোজঁ মিলেছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) মাসুদুর রহমান বলেন, ‘মরদেহের পুরোটা আগুনে পুড়ে গেছে তবে দুটি হাত ও দুটি পা অবশিষ্ট অবস্থায় ছিলো। নিহত সবুজের নিকট পুড়ে যাওয়া মোটরসাইকেলটি ও শরীরের গঠন দেখে পরিবার লাশ শনাক্ত করেছে।

অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল আনিসুজ্জামান লালন বলেন, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এছাড়া সিআইডি ও পিবিআইয়ের সদস্যরাও ঘটনাস্থল পরিদর্শন করেছে।

দর্শনায় বিশেষ অভিযানে আওয়ামী লীগের ২ কর্মী আটক

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ২জন আওয়ামী লীগের ২ জন কর্মীকে আটক করেছে। জানাযায়, আজ মঙ্গলবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় নবগঠিত নেহালপুর ইউনিয়নের নেহালপুর গ্রামে।

এ সময় দর্শনা থানার পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ বিশেষ অভিযান চালিয়ে নেহালপুর গ্রামের মোবারক মন্ডলের

ছেলে আক্কাস আলীকে (৪৩) তার বাড়ি থেকে আটক করে। পরে একই সময় অভিযান চালায় তিতুদহ ইউনিয়নের আড়িয়া গ্রামে।

এ সময় পুলিশ আড়িয়া গ্রামের ফজলুর রহমানের ছেলে মাহফুজুর রহমানকে (৪১)তার আটক করে।গতকালই তাদেরকে রাজনৈতিক মামলায় চুয়াডাঙ্গা কোট হাজতে সোপর্দ করেছে।

দর্শনা থানা পুলিশের অভিযানে আওয়ামীলীগের ৬ নেতাকর্মী আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিভিন্ন গ্রামে বিশেষ অভিযান চালিয়ে আওয়ামী লীগের ৬ নেতাকর্মীকে আটক করেছে।

জানাযায় গতকাল রবিবার ও আজ সোমবার দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে বিশেষ অভিযান চালায় বিভিন্ন এলাকায় দর্শনা থানা পুলিশ অভিযান চালায় দর্শনা পৌরসভার জয়নগর গ্রামে।

এ সময় পুলিশ জয়নগর গ্রামের আজের আলীর ছেলে ইকরামুল (৪৪) তিতুদহ ইউনিয়নের হুলিয়ামারী গ্রামের আব্দুস ছাত্তারের ছেলে সাজ্জাদুর রহমান ঝন্টু(৫৮)দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের পারকৃষ্ণপুর গ্রামের এসকাতের ছেলে সোহাদ আলী (৫৫) ও তিতুদহ ইউনিয়নের সাড়াবাড়িয়া গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে আনিছুর রহমান (৪৪)গড়াইটুপি ইউনিয়নের খেজুরতলা গ্রামের আব্দুল মতিন(৫৩)নবগঠিত নেহালপুর ইউনিয়নের নেহালপুর গ্রামের রবজেল হোসেনের ছেলে রাশিদুল ইসলামকে (৫৫)আটক করে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি শহীদ তিতুমীর ঘটনার সত্যতা স্বীকার করে বলেন এরা প্রত্যকেই তদন্ত মামলার আসামি যার মামলা নং ৯। আজ তাদেরকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

এতে ক্ষিপ্ত হয়ে ১নং আসামীর হুকুমে ৪নং আসামীর হাতে থাকা ধারালো ছুরি দিয়ে হত্যার উদ্দেশ্যে সাইদুর এর মাথা লক্ষ্য করে আঘাত করলে সাথে সাথে তার মাথা সরাইয়া নিলে তার বাম কানের পিছন পার্শ্বে কাটা রক্তাক্ত জখম হয়। তখন ১, ২ ও ৩নং আসামী তাদের হাতে থাকা লাঠিশোটা দিয়ে সাইদুরকে এলোপাতাড়ী মারপিট করে শরীরের বিভিন্ন স্থানে নীলাফোলা জখম করে। মারপিটের একপর্যায়ে ভিক্টিম রাস্তায় পড়ে গেলে ৫,৬,৭ ও ৮নং আসামী সহ অপরাপর অজ্ঞাতনামা আসামীরা একযোগে তাকে এলোপাতাড়ী কিলঘুষি ও লাথি মেরে শরীরের বিভিন্ন স্থানে ফোলা ও বেদনাদায়ক জখম করে। সাইদুর এর ডাকচিৎকারে সেখানে আশেপাশের লোকজন জড়ো হইলে তাদের সম্মুখে আসামীদের দাবীকৃত চাঁদার টাকা না দিলে আসামীরা তাকে প্রাণে শেষ করে দিবে মর্মে হুমকী দিয়ে ঘটনাস্থল ত্যাগ করে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবির বলেন, চাঁদাবাজি মামলায় চারজনকে গ্রেফতার করা হয়েছে। আসামীদের চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। বাকি আসামীদের ধরতে অভিযান অব্যাহত রয়েছে।